দৈনিক বাংলা

025

তারিখ ..27 FEB 1986

পৃষ্ঠা ... কলাম ...

## বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের ধর্মঘটের পঞ্চম দিন

বুধবার বেসরকারী মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের ধর্মঘটের ... দিন অতিবাহিত ... এসএসসি পরী- ... শিক্ষাপ্রতিষ্ঠা- ... থেকে শিক্ষকরা ... দাবী না মানা ... থাকবে বলে ... শিক্ষক সমিতি ... বয় পরিষদ ... রী মাধ্য- ... রী কর্ম- ... ক বিবৃ- ... পরিষদ ... কুল ... ন

## শিক্ষক ধর্মঘট

(১—এর পৃঃ পর)

করা ৭০ ভাগ বেতন প্রাপ্তির সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্ব মুহূর্তে এই ধরনের হঠকারী কার্যকলাপের দ্বারা তা অনিশ্চয়তার আবর্তে নিপতিত হোক—এটা কোন শিক্ষকই চান না।

নেতৃবৃন্দ উল্লেখ করেন ফেডারেশনের উদ্যোগ ও প্রচেষ্টায় গত সাত বছরে বেসরকারী শিক্ষকদের বেতন বাবদ সরকারী মঞ্জুরী ৩১ কোটি টাকা থেকে ১৫০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে, ৭৮-৭৯ সালে সরকারী মঞ্জুরীর পরিমাণ ছিল ৩১ কোটি টাকা। ৮৪-৮৫ সালে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ১৫০ কোটি টাকা। এছাড়া সংশোধিত বেতন স্কেল বাস্তবায়িত হলে বেসরকারী শিক্ষকদের মঞ্জুরী বাবদ ৮৫-৮৬ সালে খরচ হবে ১৭২ কোটি এবং ৮৬-৮৭ সালে খরচ হবে ২৫০ কোটি টাকা।

এমতাবস্থায় কতিপয় ব্যক্তির আহূত ধর্মঘটে অংশ গ্রহণ না করার জন্যে নেতৃবৃন্দ শিক্ষক ও কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে স্বাক্ষর করেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল মাওলানা এম এ মান্নান বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি জনাব এ কে এম শহীদুল্লা বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব এ কে এম আলী নেয়া, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব শহীদুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানউল্লা ও বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেসীনের সেক্রেটারী জেনারেল মাওলানা খন্দকার নাসিরউদ্দীন।